

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৫১

উদয়পুর, ২৫ ফেব্রুয়ারি, ২০২৬

উদয়পুরে ফিসিকালচার সেন্টারের উদ্বোধন

কৃষি, মৎস্য ও প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের মাধ্যমে বেকার
যুবকযুবতীদের রোজগারের সুযোগ সৃষ্টি হয়েছে- : অর্থমন্ত্রী

উদয়পুরে আজ একটি আধুনিক ফিসিকালচার সেন্টারের উদ্বোধন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। ফিসিকালচার সেন্টারটির উদ্বোধন করে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে রাজ্যে অভূতপূর্ব উন্নয়ন-হচ্ছে। রাজ্যের বৃহৎ অংশের মানুষকে স্বনির্ভর করে তুলতে মৎস্য দপ্তরের মাধ্যমে সরকার ধারাবাহিকভাবে কাজ করে চলেছে। অর্থমন্ত্রী আরও বলেন, উদয়পুর মহকুমা সহ গোমতী জেলাতে মৎস্য উৎপাদন - উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। রাজ্যকে মৎস্যচাষে স্বনির্ভর করে তুলতে আগামী দিনে গোমতী জেলা মুখ্যভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি জানান, কৃষি, মৎস্য ও প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের মাধ্যমে বেকার যুবকযুবতীদের জন্য রোজগারের সুযোগ - সৃষ্টি হয়েছে। এই লক্ষ্যে সরকার একাধিক জনকল্যাণমূলক প্রকল্প ও যোজনা চালু করেছে। পাশাপাশি, অমরসাগরকোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলেও ৪০ এর সৌন্দর্যায়নের জন্য- তিনি জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। তিনি বলেন, নতুন ফিসিকালচার সেন্টারের উদ্বোধনের মাধ্যমে গোমতী জেলার মৎস্যচাষীদের জন্য এক নতুন দিগন্ত উন্মোচিত হলো। এই আধুনিক পরিকাঠামোর ফলে জেলার মৎস্যচাষীরা সরাসরি উপকৃত হবেন। মৎস্যমন্ত্রী জানান, পরিকল্পিতভাবে রাজ্য সরকার পরিকাঠামো উন্নয়নের কাজ করছে। এই ফিসিকালচার সেন্টার নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৯৭ লক্ষ টাকা, যা মৎস্যচাষের উন্নয়নের জন্য রাজ্য সরকারের অঙ্গীকারেরই প্রতিফলন। তিনি আরও বলেন, রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি মাছ উৎপাদন হয় গোমতী জেলাতেই। এই সাফল্যের জন্য জেলার সকল মৎস্যচাষীদের আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, মৎস্যচাষে উৎসাহ দিতে মৎস্য সহায়তা যোজনায় মৎস্যচাষীদের বছরে ৬,০০০ টাকা আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। পাশাপাশি, ২৩৯ কানি জলাশয়ে নতুন করে মাছ চাষ শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, উদয়পুর পুর পরিষদের চেয়ারপারসন শীতল চন্দ্র মজুমদার, মৎস্য দপ্তরের সচিব দীপা ডি নায়ার, অধিকর্তা সন্তোষ দাস প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় এবং স্বাগত বক্তব্য রাখেন গোমতী জেলা মৎস্য উপঅধিকর্তা কৃষ্ণ-গহরি ত্রিপুরা।
